



**বাংলাদেশ বিজ্ঞান ও যুক্তিবাদী সমিতি**  
(Science and Rationalists' Association of Bangladesh)

### আহ্বান

সারা বাংলায় চলছে মানুষ ঠকিয়ে আখের গোছানোর এক আজব কাণ্ড। যদিও প্রচলিত আইন মেনেই শোষণ সম্ভব। তবু অতি দ্রুত ধনী হবার এবং বিনা পরিশ্রমে আয়েশী জীবন যাপনের জন্য বাংলাকে কুঁড়ে কুঁড়ে খাচ্ছে এক শ্রেণীর শোষক, ভন্ড, প্রতারকের দল। আমাদের জানা মতে এদেশে অলৌকিক, অপচিকিৎসা ও প্রতারণামূলক বিজ্ঞাপন প্রচারের উপর বিধি নিষেধ আছে। কিন্তু কে শোনে কার কথা। খবরের কাগজ খুললেই চোখে পড়ে তথাকথিত অলৌকিক বাবাজী-মাতাজীদের অদ্ভুত গাল-গল্প ফেঁদে মানুষ ঠকানোর বিশাল বিশাল বিজ্ঞাপন। তথাকথিত সর্পরাজবিশারদদের মন্ত্রের জোরে বিষ নামানোর গুণকীত্তন। অধিকাংশ পত্রিকার সম্পাদক বা মালিকেরা কী জানেন না যে জ্যোতিষশাস্ত্র আর জ্যোতির্বিজ্ঞান এক নয়? জ্যোতিষশাস্ত্র যে বিজ্ঞান নয় এটাতো বিজ্ঞানের দরবারে দিবালোকের মত সত্য। তবে অধিকাংশ পত্রিকায় কেন প্রতিদিন রাশিফলের বিজ্ঞাপনের প্রচার চলছে? পত্রিকার মালিক কিংবা সম্পাদকগণ কি জানেন না এগুলো অনৈতিক ও বেআইনী? নাকি সচেতনভাবেই এগুলো প্রচারে সামিল হয়েছেন আখের গোছাতে? প্রশাসন নীরব নাকি সযত্নে এড়িয়ে যান এসব বিজ্ঞাপন? আর কতকাল ওরা বাংলার মানুষদের এভাবে প্রতারিত করবে?

আমরা মনে করি বাংলার মানুষ যত সচেতন হবে প্রতিবাদ-প্রতিরোধ ততই জোরালো হবে। বন্ধ হতে থাকবে প্রতারকদের মানুষ ঠকানোর অপকৌশল, শোষকদের শোষণ করার সব রকম কারসাজি।

অতএব আসুন আমরা সবাই মিলে এসব প্রতারকদের বিরুদ্ধে জোরদার বিজ্ঞানমনস্ক সমাজসচেতন সংস্কৃতি গড়ে তুলি। কারণ ইতিহাস থেকে শিক্ষা নিয়েছি "জনগণই শেষ কথা বলার অধিকারী।"

### জনসাধারণের প্রতি আমাদের সমিতির আহ্বান :

৫ অলৌকিক বলে পৃথিবীতে অতীতে কিছু ছিল না, বর্তমানে কিছু নেই, আর ভবিষ্যতে থাকার কোন প্রশ্নই ওঠে না।

৫ অন্ধবিশ্বাস, কুসংস্কার, তাবিজ, কবজ, মাদুলি ও গ্রহরক্ত ত্যাগ করুন। এগুলি ধারণ করলে কোন সমস্যার সমাধান হয় না।

২৫ জ্যোতিষশাস্ত্র অপবিজ্ঞান আর জ্যোতিষীরা ভন্ড ও প্রতারক। এদের ঘৃণা করুন।  
বিজ্ঞানসম্মত যুক্তির মাধ্যমে এদের মুখোশ খুলে দিন।

২৬ যে যত বড় অলৌকিক ক্ষমতা অধিকারী বলে দাবী করে, সে তত বড় প্রতারক ও ভন্ড।

২৭ সাপে কামড়ালে ওঝা বা গুণীনদের কাছে না গিয়ে হাসপাতালে চিকিৎসার জন্য যান।

২৮ আমরা সব রকম শোষণের বিরুদ্ধে। আপনিও আমাদের সাথী হউন।

২৯ সাম্রাজ্যবাদ ও তার তল্পীবাহকদের ঘৃণা করুন। ওরা মানবতার ঘন্য শত্রু।

৩০ জীবন ও জগতকে বিজ্ঞানমনস্ক মানবিক দৃষ্টিভঙ্গীতে দেখুন।

৩১ বিনা প্রশ্নে মেনে নেওয়া নয়, জিজ্ঞাসার মাধ্যমে প্রকৃত সত্য জানুন।

৩২ মানবাধিকার রক্ষার সংগ্রামে সামিল হউন।

৩৩ বিবাহ বেজিস্ট্রি করুন ও অন্যকে উৎসাহিত করুন।

৩৪ মরণোত্তর দেহ সরকারী মেডিকেল কলেজে দান করুন ও অন্যকে উৎসাহিত করুন।

৩৫ সমাজকে সত্যের আলোকে আলোকিত করতে সাহায্য করুন।

৩৬ এ সত্য জেনে রাখুন যে মন্ত্রশক্তির কোন ক্ষমতা নেই।

৩৭ বাংলাদেশ বিজ্ঞান ও যুক্তিবাদী সমিতির সভ্য হউন।

৩৮ আসুন আমরাও গভীর বোধ থেকে মানবতাবাদী কবি চন্দীদাসের মত উচ্চারণ করি -  
"শুনরে মানুষ ভাই, সবার উপরে মানুষ সত্য, তাহার উপরে নাই।"

৩৯ ২৭ ফেব্রুয়ারী "জ্যোতিষ ধিক্কার দিবস" পালন করুন।

৪০ ১ মার্চ "আন্তর্জাতিক যুক্তিবাদী দিবস" পালন করুন।

৪১ ১০ ডিসেম্বর "বিশ্বমানবাধিকার দিবস" পালন করুন।

যুক্তি আনে চেতনা  
চেতনা আনে সমাজ পরিবর্তন।

প্রচারে :- বাংলাদেশ বিজ্ঞান ও যুক্তিবাদী সমিতি।  
yuktibadi@gmail.com